# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**09 JANUARY 2025** **7:45—7:55 PM IST**

==============================================================

১) আগামী বছরের মধ্যে দেড় লক্ষ সরকারী চাকুরীতে নিযুক্তির লক্ষ্য পূরণের দিকে রাজ্য সরকার অগ্রসর হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ।

২) কেন্দ্রীয় কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহানের আজ গৌহাটিতে প্রধানমন্ত্রী গ্রামীন আবাস যোজনার অধীনে ৫০ হাজার হিতাধিকারীর গৃহ প্রবেশ অনুষ্ঠানে অংশগ্রহণ।

৩) মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার আজ রাজস্ব বিভাগের আধিকারিকদের সঙ্গে এক বৈঠকে মিলিত হয়ে সংশ্লিষ্ট বিষয় নিয়ে আলোচনা।

এবং

৪) সরকার উপজাতি সম্প্রদায়ের ছাত্রছাত্রীদের শিক্ষার উপর বিশেষ গুরুত্ব আরোপ করছে বলে কেন্দ্রীয় উপজাতি উন্নয়ন প্রতিমন্ত্রী দুর্গাদাস উইকির মন্তব্য।

---------------------------------------------------------------------------------------

আসাম সরকার আগামী বছরের মধ্যে দেড় লক্ষ সরকারী চাকুরীতে নিযুক্তির লক্ষ্য পূরণের দিকে অগ্রসর হচ্ছে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা জানিয়েছেন ।মুখ্যমন্ত্রী

রাজ্যে শীঘ্র নিম্ন প্রাথমিক ও উচ্চ প্রাথমিক শিক্ষকের চার হাজার ৫০০ টি পদের নিযুক্তি প্রক্রিয়া আরম্ভ করবে বলে জানিয়েছেন ।এই চাকুরীগুলির জন্য আবেদন প্রক্রিয়া আগামী ১৫ ই ফেব্রুয়ারী প্রকাশ করা হবে । প্রার্থীরা ডিইই. আসাম . গভ .ইন এর মাধ্যমে আবেদন করতে পারবে ।

---------------------------------------------------------------------------------

কেন্দ্রীয় কৃষি ও কৃষক কল্যাণ মন্ত্রী শিবরাজ সিং চৌহান আজ গৌহাটীতে প্রধানমন্ত্রী আবাস যোজনা গ্রামীনের অধীনে ৫০ হাজার হিতাধীকারীর গৃহ প্রবেশ অনুষ্ঠানে অংশ গ্রহণ করেন ।এছাড়া তিনি ধরিত্রী আভা জনজাতীয় গ্রাম উৎকর্ষ অভিযানের অধীনে ২০২৪-২৫ অর্থ বছরে ৩২ কোটি ৬৪ লক্ষ টাকার কৃষি যন্ত্র পাতির বিতরণ অনুষ্ঠানে ও অংশ নেন । অনুষ্ঠানে আসাম রাজ্য গ্রামীন জীবিকা অভিযানের অধীনে ২০ জন লক্ষপতি মহিলাকে সম্বর্ধনা জানানো হয় ।অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা বিশিষ্ট অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ।

---------------------------------------------------------------

কেন্দ্রীয় গৃহ নির্মাণ ও নগর পরিক্রমা দপ্তরের প্রতিমন্ত্রী তোখান সাহু আজ আসাম সরকারের নগর উন্নয়ন মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার সংগে গৌহাটিতে এক বৈঠকে মিলিত হয়ে রাজ্যে বিভাগটির কাজের অগ্রগতির খোজ নেন । বৈঠকে কেন্দ্রীয় মন্ত্রী আসামে তার বিভাগের অধীনে বাস্তবায়ন হোয়া বেশ কয়েকটি প্রকল্পের খতিয়ান নেওয়া সহ বেশ কয়েকটি প্রকল্প নিয়ে আলোচনা করেন ।কেন্দ্রীয় মন্ত্রী প্রকল্পগুলি সময়মত রুপায়ন নিশ্চিত করে তোলার জন্য প্রয়োজনীয় পরামর্শ দেন ।

---------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা আজ অর্থ মন্ত্রী অজন্তা নেওগের উপস্থিতিতে লোকসেবা ভবনের সভাকক্ষে রাজস্ব বিভাগের আধিকারিকদের সংগে এক বৈঠকে মিলিত হন । বৈঠকে মুখ্যমন্ত্রী বন , পরিবহণ , আবগারী ইত্যাদি বিভাগের বিগত বছরের তুলনায় ২০২৪ -২৫ অর্থ বছরে কর সংগ্রহ ও ২০২৫-২৬ অর্থ বছরে সম্ভাব্য কর সংগ্রহের বিষয়ে খোজ নেওয়া সহ এই বিভাগগুলির সম্মুখীন হোয়া বিভিন্ন প্রত্যাহ্বানের ক্ষেত্রে যাবতীয় নির্দেশনা প্রদান করেন । উল্লেখ্য রাজ্যের অর্থনৈতিক বিকাশ সহ সরকারের উন্নয়নমূলক প্রকল্প ও পদক্ষেপগুলি রুপায়নের ক্ষেত্রে রাজস্ব বিভাগগুলি গুরুত্বপূর্ন ভূমিকা পালন করে থাকে ।

---------------------------------------------------------------------------------

ডিমা হাসাও জেলার উমরাংশুর তিন কিলোর কয়লা খনিতে সংঘটিত দূর্ঘটনার তিনদিন অতিবাহিত হওয়ার পরও ভেতরে আবদ্ধ শ্রমিকদের সন্ধান বের করা সম্ভব হয়নি

।উদ্ধারকার্যে নিয়োজিত সেনা বাহিনী ,নৌসেনা বাহিনী , এন ডি আর এফ , কোল ইন্ডিয়া লিমিটেডের উদ্ধারকারী দল সহ অন্যান্য উদ্ধারকারী সংস্থাগুলো এখন আর কোন শ্রমিককে জীবিত অবস্থায় উদ্ধার করার পরিস্থিতি নেই বলে ঘোষণা করেছে ।বিশাখাপত্তনমের নৌসেনা বাহিনীর উদ্ধারকারী দল আজও উদ্ধার কার্যে দূর সংবেদী বাহন ব্যবহার করে এবং কোল ইন্ডিয়ার ব্যবহার করা উচ্চমানের জল নিষ্কাষণ পাম্পের দ্বারা খনির আভ্যন্তরের জল নিষ্কাষণের কাজ আজ তৃতীয় দিনেও অব্যাহত রয়েছে । উলেখ্য গতকাল সকালে একজনের দেহ উদ্ধার করা হয়েছিল । এদিকে কংগ্রেস সহ বিরোধী দলগুলি উমরাংশুর খনি দূর্ঘটনার প্রকৃত তথ্য সরকার প্রকাশ করছে না বলে অভিযোগ করেছে ।হাইকোর্টের নিষিদ্ধ ঘোষণা করার পরও রাজ্যে ইঁদুরের গর্ত সদৃশ গর্ত খুড়ে অবৈধ কয়লা নিষ্কাষণ কার্য কি করে অব্যাহত রয়েছে সেই বিষয়ে বিরোধী দলগুলি সরকারের কাছে স্পষ্টিকরণ দাবী করেছে ।

---------------------------------------------------------------------------------------

আগামী ১২ জানুয়ারী থেকে উত্তরপ্রদেশের প্রয়াগরাজে অনুষ্ঠেয় মহা কুম্ভ মেলায় আসাম , ত্রিপুরা সহ উত্তরপূর্বাঞ্চলের রাজ্যগুলো থেকে মন্দিরের পুরোহিত এবং সত্রাধিকারীরা প্রথমবারের মতো অংশগ্রহণ করবেন ।উত্তরপ্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ অন্যান্য রাজ্যের সঙ্গে উত্তরপূর্বের রাজ্যগুলোকেও কুম্ভমেলায় অংশগ্রহণ করার আমন্ত্রণ জানান ।মুখ্যমন্ত্রী শ্রী আদিত্যনাথ উত্তরপূর্বের রাজ্যগুলোর পুরোহিত এবং সত্রাধিকারীদেরকে রাজ্য অতিথির মর্যাদা প্রদান করা হবে বলেও ঘোষণা করেন ।

---------------------------------------------------------------------------------------

বিশিষ্ট প্রবীন অভিনেত্রী জ্ঞানদা কাকতির  অন্ত্যেষ্টিক্রিয়া আজ দুপুরে শিলং এ সম্পন্ন হয় । গত কিছুদিন থেকে তিনি বার্ধক্যজনিত রোগে  ভুগছিলেন । উল্লেখ্য গতকাল রাতে শিলং এ একটি ব্যাক্তিগত হাসপাতালে তিনি শেষ নিশ্বাস ত্যাগ করেন ।বয়স হয়েছিল ৯২ । পঞ্চম দশকে পারঘাট ছবিতে অভিনয়ের মাধ্যমে চলচ্চিত্রে অভিনয় শুরু করে প্রয়াত অভিনেত্রী জ্ঞানদা কাকতি অসমীয়া  ছবির জগতে তার অনবদ্য অভিনয়ের জন্য  স্মরনীয় হয়ে থাকবেন । উল্লেখ্য জ্ঞানদা কাকতি আকাশবানী শিলং - গৌহাটী কেন্দ্রের প্রথম ঘোষিকা হিসেবে কাজ করেছেন । তার মৃত্যুতে কেন্দ্রীয় মন্ত্রী সর্বানন্দ সনোয়াল সহ বহু বিশিষ্ট ব্যক্তি গভীর শোক প্রকাশ করে শোকসন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

---------------------------------------------------------------------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০১৪ সালে দায়িত্ব গ্রহনের পর উত্তর-পূর্ব ভারত কেন্দ্রীয় সরকারের বিশেষ নজরে রয়েছে বলে কেন্দ্রীয় উপজাতি উন্নয়ন প্রতিমন্ত্রী দূর্গাদাস উইকি

মন্তব্য করেছেন । আজ আইজলে আয়োজিত সাংবাদিক সম্মেলনে কেন্দ্রীয় মন্ত্রী শ্রী উইকি জানান যে স্বাধীনতার পর থেকে কেন্দ্রীয় সরকার উত্তর-পূর্ব ভারতকে সব সময় অবহেলা করে আসছিল বলে অভিযোগ করেন। তবে বর্তমান সরকার উত্তর-পূর্ব ভারতের দ্রুত বিকাশ ও উন্নয়নে প্রতিশ্রুতিবদ্ধ । মন্ত্রী শ্রী উইকি আরো বলেন যে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী নেতৃত্বাধীন সরকার দেশের উপজাতি সম্প্রদায়ের উন্নয়নে বিশেষ জোড় দিয়েছে । সরকার উপজাতি সম্প্রদায়ের ছাত্র-ছাত্রীদের শিক্ষার উপর বিশেষ গুরুত্ব দিচ্ছে বলেও মন্ত্রী শ্রী উইকি জানান ।

---

শ্রীভূমি জেলায় গত ৬ জানুয়ারী থেকে শুরু হওয়া প্রথম পর্যায়ের গুণোৎসব আজ সফলভাবে সম্পন্ন হয়েছে ।এবারের গুণোৎসবে শ্রীভূমি জেলার এক হাজার ৮১৩ টি স্কুলে গুণোৎসব অনুষ্ঠিত হয়েছে ।এতে প্রথম থেকে নবম শ্রেণী পর্যন্ত মোট ১ লক্ষ ৮৯ হাজার ২৮৪ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে । এই গুণোৎসবে রাজ্য পর্যায়ের দুজন বর্হিমূল্যায়নকারী সহ মোট ৬৭৬ জন বর্হিমূল্যায়নকারী স্কুলগুলির শিক্ষার গুণগত মান পরীক্ষা করেন ।জেলা আয়ুক্ত প্রদীপ কুমার দ্বিবেদী গতকাল লাতু উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের শৈক্ষিক পরিবেশ তথা পরিকাঠামো খতিয়ে দেখেন ।

---

ভারতীয় জনতা পার্টির পালংঘাট মন্ডলের এক সভা আজ আমড়াঘাট মন্ডল কার্য্যলয়ে অনুষ্টিত হয়েছে । মন্ডল সভাপতি অপূর্ব দাশের পৌরহিত্যে অনুষ্ঠিত সভায় বিধায়ক নীহার রঞ্জন দাস মন্ডলের আটটি মোর্চার সদস্যদের আরো সক্রিয়ভাবে দলীয় কাজ করে যাওয়ার পরামর্শ দিয়েছেন । এছাড়া আজকের সভায় কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যানমূলক প্রকল্প নিয়ে দলের রাজ্য পর্য্যায়ের সদস্য পরেশ তাঁতি , অ বি সি মোর্চার সভাপতি কৃষ্ণ জীবন দাস প্রমূখ বক্তব্য রাখেন ।

---

শ্রীভূমি জেলা প্রশাসনের উদ্যোগে আগামী ২৬শে জানুয়ারী সাধারনতন্ত্র দিবস পালন উপলক্ষ্যে আগামীকাল সকাল ১১টায় জেলা আয়ুক্তের কার্য্যলয়ের সভা কক্ষে একটি প্রস্তুতি সভার আয়োজন করা হয়েছে । জেলা প্রশাসন থেকে জেলার সব বিধায়ক , সাংসদ , সুশীল সমাজের প্রতিনিধি সহ সংবাদ কর্মীদের সভায় উপস্থিত থাকতে আনুরোধ করা হয়েছে ।

---

লায়ন্স ক্লাব শিলচর সেন্ট্রালের উদ্যোগে আগামী ১২ই জানুয়ারী লায়ন্স চক্ষু হাসপাতাল প্রাঙ্গনে ডায়াবেটিস , দন্ত ও হৃদরোগ চিকিৎসা শিবির অনুষ্ঠিত হবে । শিবিরটি সকাল ১০টায় শুরু হবে ।

------------------------------------------------------------------------------------

কাছাড়ের জেলা আয়ুক্তের কার্য্যলয় থেকে এক বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে যে নির্ধারিত তালিকাভুক্ত স্পেসিফিকেশন অনুসারে এবং বিভিন্ন শর্ত সাপেক্ষে জেলার ট্রাফিক ব্যবস্থাপনা এবং সড়ক নিরাপত্তা ব্যবস্থার জন্য প্রয়োজনীয় জিনিস পত্র সরবরাহ করার জন্য আগামী ১৬ই জানুয়ারীর মধ্যে সাদা কাগজে দরপত্র আহ্বান করা হয়েছে । বিশদ বিবরন জেলা আয়ুক্তের কার্য্যলয়ের নোটিশ র্বোডে পাওয়া যাচ্ছে ।

------------------------------------------------------------------------------------